

## দাবি না মানলে আমরণ অনশনে যাবে পদবঞ্চিতরা

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

২৮ জুন ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ জুন ২০১৯ ০১:১০



দাবি না মানলে  
**আমাদের সময়**

চব্বিশ ঘণ্টার মধ্যে চার দফা দাবি পূরণ না হলে আমরণ অনশনের ঘোষণা দিয়েছেন ছাত্রলীগের পদবঞ্চিত নেতারা। গতকাল বৃহস্পতিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের রাজু ভাস্কর্যের সামনে এক সংবাদ সম্মেলনে তারা এ ঘোষণা দেন। চারটি দাবি হলো— প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাতের সুযোগ, শূন্য ঘোষিত ১৯ পদসহ ‘বিতর্কিতদের’ পদবিসহ নাম প্রকাশ, অবস্থান কর্মসূচি পালনকারীদের মধ্যে থেকে যোগ্যতার ভিত্তিতে পদায়ন ও মধুর ক্যান্টিনে পদবঞ্চিতদের ওপর হামলার বিচার। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে ছাত্রলীগের গত কমিটির কর্মসূচি ও পরিকল্পনাবিষয়ক উপসম্পাদক মুরাদ হায়দার টিপু বলেন, আন্দোলনের শুরু থেকেই দাবির বিষয়ে ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদকের উদাসীনতা দেখছি। এতদিন ধরে অবস্থান কর্মসূচি পালন করলেও দাবি পূরণ হচ্ছে না। তাই দাবিগুলো আগামী ২৪ ঘণ্টার মধ্যে পূরণ না হলে আমরা আমরণ অনশন করব। এ বিষয়ে গত কমিটির কর্মসূচি ও পরিকল্পনাবিষয়ক সম্পাদক রাকিব হোসেন বলেন, জীবনের বিনিময়ে হলেও ছাত্রলীগকে বিতর্কমুক্ত দেখতে চাই। তাই আমরণ অনশনের সিদ্ধান্ত নিয়েছি। আশা করি ২৪ ঘণ্টার মধ্যে আমাদের দাবি মেনে নেওয়া হবে। সংবাদ সম্মেলনে ছাত্রলীগের গত কমিটির সমাজসেবাবিষয়ক সম্পাদক রানা হামিদ, উপদপ্তর সম্পাদক শেখ নকিবুল ইসলাম সুমন, আন্তর্জাতিকবিষয়ক উপসম্পাদক ইমদাদ হোসেন সোহাগ, সদস্য তানভীর হাসান সৈকত, সহসম্পাদক এসএম মামুন, ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের উপপ্রচার সম্পাদক শেখ আব্দুল্লাহ প্রমুখ উপস্থিত ছিলেন। সম্মেলনের প্রায় এক বছর পর গত ১৩ মে ছাত্রলীগের ৩০১ সদস্যের পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করা হয়। এর পর থেকেই গত কমিটির পদ না পাওয়া নেতারা বিক্ষোভ শুরু করেন। তাদের অভিযোগ যোগ্যদের বাদ দিয়ে বিবাহিত, মুক্তিযুদ্ধের চেতনাবিরোধী, চাকরিজীবী, মাদকসেবী ও বিভিন্ন মামলার আসামিকে পদায়ন করা হয়েছে। আন্দোলনের মুখে ছাত্রলীগ সভাপতি ও সাধারণ সম্পাদক কেন্দ্রীয় কমিটির ১৯ পদ শূন্য ঘোষণা করেন। তবে শূন্যপদগুলোর নাম প্রকাশ করা হয়নি।